# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন /
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
یہ دستاویز اردو میں ملاحظہ کریں / Перевод документа на русский язык /
schools.nyc.gov/messagesforfamilies

## 11 এপ্রিল, 2022

এই পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্যে, 2022-এর গ্রীষ্মে বা সামারে শিক্ষা ও সমৃদ্ধির সুযোগসমূহ, এবং 15 এপ্রিলের আগে NYC স্কুল সংক্রান্ত জরিপটি সম্পন্ন করে কীভাবে সন্তানের স্কুলকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করা যায় সেবিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য দেয়া হয়েছে।

## বিষয়সূচি:


- **সামার রাইজিং 2022: কিন্ডারগার্টেন থেকে 8 গ্রেড**
  - সামার রাইজিং-এর উপরিচিত্র
  - কীভাবে আবেদন করতে হবে
  - ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ
- **গ্রীষ্মকালীন কর্মসূচি নবম (9) থেকে উচ্চতর গ্রেডসমূহ**
  - অ্যাকাডেমিক রিকভারি (শিক্ষায়তনিক পুনরুদ্ধার)
  - কলেজ এবং ক্যারিয়ার পরিকল্পনা
- **NYC স্কুল সংক্রান্ত জরিপ**
  - বর্ধিত সময়সীমা


## সামার রাইজিং 2022: কিন্ডারগার্টেন থেকে 8 গ্রেড

### সামার রাইজিং-এর উপরিচিত্র

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর অংশীদারিত্বে, **সামার রাইজিং** এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, সামাজিক, ও আবেগজনিত দক্ষতা বৃদ্ধিতে আনন্দময়, সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক, হাতে কলমে শিক্ষা প্রদান করবে।

সামার রাইজিং **বিনামূল্যে** দেয়া হয় এবং যেকোনো বর্তমান কিন্ডারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের NYC শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। আসন সংখ্যা সীমিত, সেজন্য আমরা একটি পছন্দের অবস্থানে একটি আসন নিশ্চিত করতে শীঘ্রই আবেদন করার জন্য পরিবারদের জোর উৎসাহ দিচ্ছি। যেসব শিক্ষার্থীদের জন্য তাদের স্কুল সামারে অংশগ্রহণ বাধ্যতামূলক করেছে, তাদের জন্য একটি আসন সংরক্ষিত আছে। কর্মসূচিটি **5 জুলাই** শুরু হবে, এবং জুলাই এবং অগাস্ট মাসে প্রতি **সোমবার থেকে শুক্রবার, 8:00 a.m. থেকে 6:00 p.m.** পর্যন্ত চলবে। শিক্ষার্থীদের বিনামূল্যে ব্রেকফাস্ট ও লাঞ্চ, এবং দুপুরে অনুরোধ সাপেক্ষে স্ন্যাকস্ দেয়া হবে। সকল শিক্ষার্থীদের জন্য সামার রাইজিং ছয় সপ্তাহব্যাপী চলবে, এবং K-5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য এই সমৃদ্ধিমূলক কর্মসূচি সপ্তম সপ্তাহব্যাপী চলবে। আরো জানতে nyc.gov/SummerRising দেখুন।

## কীভাবে আবেদন করতে হবে

**25 এপ্রিল** থেকে শুরু করে, আপনার সন্তানকে nyc.gov/SummerRising -এ তালিকাভুক্ত (এনরোল) করতে, আপনি একটি সামার রাইজিং আবেদন জমা দিতে পারেন। আবেদনপত্রটি আপনার শিক্ষার্থীর 9-রাশির আইডি (ID) নম্বর চাইবে, যেটা আপনার জানা না থাকলে আপনার স্কুলের কাছ থেকে পেতে পারেন।

আপনি আপনার সন্তানের গ্রেড স্তরের আসন লভ্য রয়েছে এমন যেকোনো সামার রাইজিং সাইটে আবেদন করতে পারেন। আপনার পছন্দসই আসন প্রাপ্তি নিশ্চিত করতে আপনার যত শীঘ্রই সম্ভব আবেদন করা উচিৎ! তালিকাভুক্ত বা এনরোল করার পরপরই, আপনার আসন নিশ্চিত করে আপনি একটি ইমেইল পাবেন। যদি একাধিক শিক্ষার্থীদের এনরোল করছেন, তবে অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আপনার অবশ্যই পৃথক পৃথকভাবে প্রতিটি আবেদন জমা দিতে হবে।

যদি আপনার কোনও প্রশ্ন থাকে অথবা সহায়তা প্রয়োজন হয়, তবে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন অথবা summer@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

**12-মাস / দীর্ঘায়িত স্কুল বছরের (এক্সটেনডেড স্কুল ইয়ার, ESY) কর্মসূচিসমূহ:** যেসব শিক্ষার্থী 12-মাস / দীর্ঘায়িত শিক্ষা বছরে (ESY) স্পেশাল ক্লাস অথবা ASD নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামসমূহে অংশগ্রহণ করছে, তারা কোনও দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY), ডিস্ট্রিক্ট 75, অথবা ASD সামার প্রোগ্রাম সাইটে তাদের IEP-র সুপারিশ অনুযায়ী পরিষেবা পাবে। পিতামাতাগণ তাদের সন্তানকে দীর্ঘায়িত দিবসের সমৃদ্ধিমূলক কার্যক্রমেও এনরোল (তালিকাভুক্ত) করতেও সক্ষম হবেন। আমরা এসব পরিবারদের তাদের বিকল্পসমূহ বিষয়ে আরো তথ্য পরবর্তীতে জানাবো।

**বিশেষ সুবিধা ব্যবস্থা:** যেসব শিক্ষার্থীর সামার রাইজিং-এ অংশগ্রহণের জন্য সহায়তা প্রয়োজন, যেমন একজন প্যারাপ্রফেশনাল অথবা নার্স, তারা তাদের স্বতন্ত্র চাহিদার ভিত্তিতে সহায়তা পাবে।

# গ্রীষ্মকালীন কর্মসূচি নবম (9) থেকে উচ্চতর গ্রেডসমূহ

## অ্যাকাডেমিক রিকভারি (শিক্ষায়তনিক পুনরুদ্ধার)

এছাড়াও, গ্র্যাজুয়েশনের শর্তাবলী পূরণে, শিক্ষায়তনিক দ্রুত অগ্রগতিতে, এবং কলেজের জন্য প্রস্তুতিতে সহায়তা করার লক্ষ্যে হাই স্কুলগুলো সামারে নমনীয় সময়সূচি তৈরি করবে। অপেক্ষাকৃত বয়স্ক শিক্ষার্থীদের অনন্য চাহিদা পূরণে স্থানীয়ভাবে ডিজাইনকৃত শিক্ষায়তনিক ও সামাজিক আবেগজনিত সহায়তা সহ যেসব শিক্ষার্থী পূর্বে কোনও কোর্সে ফেল করেছে সেগুলো পুনরায় গ্রহণের সুযোগ পাবে। হাই স্কুল শিক্ষার্থীদের সামার কর্মসূচিতে তালিকাভুক্ত বা এনরোল করার পৃথক প্রক্রিয়া রয়েছে, যা K-8 গ্রেডের সামার রাইজিং প্রোগ্রাম থেকে ভিন্ন, এবং আপনার সন্তান স্কুল দ্বারা ব্যবস্থাপিত হবে।

## কলেজ এবং ক্যারিয়ার পরিকল্পনা

এই গ্রীষ্মে (সামারে), সামার ইয়্যুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম এবং কলেজ নাও-এর মত কর্মসূচিগুলোর মাধ্যমে, কলেজ ও পেশাজীবনের পথযাত্রায় সহায়তা প্রদানকারী রেকর্ড 100,000 সামার সুযোগসমূহে হাই স্কুল শিক্ষার্থীরা অংশগ্রহণ করার সুযোগ পাবে।

**সামার ইয়্যুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (SYEP):** হাই স্কুলের বর্তমান শিক্ষার্থীরা, 14 থেকে 24 বয়সী NYC-র কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের জন্য উন্মুক্ত গ্রীষ্মকালীন কাজ ও ক্যারিয়ার উন্নয়নের সুযোগসমূহ SYEP-এর মাধ্যমে অন্বেষণ করতে পারে।
SYEP-এ অংশগ্রহণকারীরা তাদের আগ্রহ ও পেশাজীবনের পথযাত্রা অন্বেষণ করে, কার্যক্ষেত্রের দক্ষতা অর্জন করে এবং এমন শিক্ষা অভিজ্ঞতা অর্জন করে যা তাদের সামাজিক, নাগরিক, ও নেতৃত্বমূলক দক্ষতাসমূহ গড়ে তোলে—এই সব কিছুই করে একটি পে-চেক অর্জন

করার পাশাপাশি! শিক্ষার্থীরা application.nycsyep.com -সাইটে আরো জানতে পারে এবং 22 এপ্রিলের মধ্যে একটি আবেদন জমা দিতে পারে।

**সামার ডিজাইন ইন্সটিটিউট:** যেসব শিক্ষার্থী অ্যাডভার্টাইজিং, ভিজ্যুয়াল আর্ট, ভিজ্যুয়াল ডিজাইন, ওয়েব ডেভেলোপমেন্ট, ইঞ্জিনিয়ারিং, রোবোটিকস্, এবং আর্কিটেকচারের মত পেশার ক্ষেত্রগুলোতে পেশাদারী দক্ষতা গড়ে তোলার পাশাপাশি তাদের পোর্টফোলিওর জন্য ক্যারিয়ার-মুখী প্রজেক্টসমূহ ডিজাইন ও তৈরি করতে আগ্রহী তাদের তিনটি ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) সামার হাব সাইটসমূহের একটির মাধ্যমে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। যেসব শিক্ষার্থীরা প্রোগ্রামের প্রজেক্টসমূহ সম্পন্ন করছে তারা স্টাইপেন্ড (ভাতা) পাবে। CTE এবং CTE-নয় এমন শিক্ষার্থীরা স্বাগত। আরও জানতে tinyurl.com/SDI2022CTE -সাইটে সাইন আপ করুন।

**নেক্সট স্টেপস্ পরামর্শদান:** হাই স্কুল শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ পরিকল্পনা ও ফলপ্রসূ করতে সহায়তা পেতে প্রতি সপ্তাহে বার্তা পেতে নেক্সট স্টেপস্ (Next Steps)-এর টেক্সট-এর জন্য schools.nyc.gov/choosing-the-right-path -সাইটে সাইন আপ করতে পারে। টেক্সটসমূহের মধ্যে রয়েছে কিশোর-কিশোরীদের চাকুরীর সুযোগ, স্কলারশীপ সংক্রান্ত তথ্য, কর্মশালায় অংশগ্রহণ, এবং শেষ সময়সীমা স্মরণ করিয়ে দেয়া। বাড়তি সহায়তার জন্য, নেক্সট স্টেপস্ আফটার স্কুল ও সপ্তাহান্তে (উইকেন্ডে), শিক্ষার্থীদের জন্য বিনা খরচের, এককভাবে প্রদত্ত দক্ষ অ্যাডভাইজারদের সাথে ভার্চ্যুয়াল মিটিংয়ের আয়োজন করতে পারে।

যেসব শিক্ষার্থী 2022-এ গ্র্যাজুয়েট হবে, নেক্সট স্টেপস্ টেক্সট ব্যবহার করে তাদের কলেজ অ্যান্ড ক্যারিয়ার ব্রিজ কোচের সাথে সংযুক্ত হতে পারেন, এরা হচ্ছেন নব্য গ্র্যাজুয়েটদের হাই স্কুল এবং কলেজ ও ক্যারিয়ার পথযাত্রার পরবর্তী ধাপসমূহের মধ্যে সেতুবন্ধনে সহায়তার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত কলেজের বর্তমান শিক্ষার্থীবৃন্দ। আরো জানতে schools.nyc.gov/choosing-the-right-path দেখুন।

**CUNY কলেজ নাও**

2022-এর সামার সেমেস্টারের জন্য, CUNY কলেজ নাও (College Now) অনলাইনের, সশরীরে উপস্থিতির ও হাইব্রিড (উভয়ের সমন্বয়ের) কোর্সসমূহ অফার করবে, যা 2022-এর সেপ্টেম্বরে 11 কিংবা 12 গ্রেডে প্রবেশকারী NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। বিনাখরচে অংশগ্রহণ করা যাবে। আরো তথ্যের জন্য, k16.cuny.edu/collegenow/summer-programs দেখুন।

## NYC স্কুল সংক্রান্ত জরিপ

### বর্ধিত সময়সীমা 15 এপ্রিল

আপনি যদি আপনার NYC স্কুল সংক্রান্ত জরিপটি ইতোমধ্যে পূরণ না করে থাকেন, তবে আপনি **15 এপ্রিলের** মধ্যে তা করতে পারেন! আপনার সন্তানের স্কুলটিকে শেখার আরো উত্তম পরিবেশ হিসেবে গড়ে তোলার জন্য আপনার মতামত জমা দিতে এবং স্কুলের নেতৃবৃন্দকে সহায়তা করতে, NYCSchoolSurvey.org দেখুন, অথবা schoolsaccount.nyc সাইটে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন।